দৈনিক আমাদের সময়

তারিখ: 07 AUG 2016
পৃ: 2 কলাম: 8

# রাজধানীর মোহাম্মদপুরে স্কুলছাত্রী অপহৃত

নিজস্ব প্রতিবেদক ●
রাজধানীর মোহাম্মদপুরে সানজিদা আক্তার স্বর্ণা নামের এক শিক্ষার্থীকে অপহরণের খবর পাওয়া গেছে। বিশ দিন ধরে তার সন্ধান মিলছে না বলে গতরাতে জানান মেয়েটির মা-বাবা। তারা এখন পাগলপ্রায়। স্বর্ণার বাবা আব্দুস সামাদ স্থানীয় থানায় মামলাও করেছেন। তিনি অভিযোগ করেন, থানা পুলিশ তার মেয়েকে উদ্ধারে তৎপর হচ্ছে না। মামলার এজাহার থেকে জানা যায়, গত ১৭ জুলাই সকাল সাতটায় মেয়েটি তার মায়ের সঙ্গে ইকবাল রোডের প্রিপারেটরি স্কুলে যায়। বেলা সাড়ে ১১টায় ক্লাস শেষে বাসায় ফিরতে রিকশার জন্য অপেক্ষা করছিল। সেই সময় তাকে অপহরণ করা হয়। এ ব্যাপারে মামলার তদন্ত কর্মকর্তা ও মোহাম্মদপুর থানার এসআই রবিউল ইসলাম জানান, মামলাটি তদন্তে জানা গেছে, আজিজমহল্লার বাসিন্দা বখাটে যুবক মারুফ আহম্মেদ ভূঁইয়া ওরফে সীমান্ত তার সহযোগীদের নিয়ে মেয়েটিকে অপহরণ করেছে। তাকে গ্রেপ্তারের চেষ্টা চলছে। স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর নুরুল ইসলাম রতন জানান, অপহরণের বিষয়টি জানতে পেরে আমি মেয়েটিকে উদ্ধারের চেষ্টা করেছি। এ সময় জানতে পারি স্বর্ণা নামের মেয়েটির বয়স মাত্র ১৬ বছর। আর যে ছেলেটি তাকে অপহরণ করেছে তার বয়স ১৭ বছর। এ ঘটনায় নারী নির্যাতন আইনে থানায় মামলা হওয়ায় আমি আর এগোতে পারিনি। বিষয়টি এখন পুলিশ দেখছে।